



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৩টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের সেন্ট্রাল অডিটোরিয়ামে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে এ বিশ্ববিদ্যালয়ের যথেষ্ট ভাল অবস্থান রয়েছে। দেশের গুরুত্বপূর্ণ ফোরামে এ বিশ্ববিদ্যালয় নিয়ে আলোচনা হয়। সেজন্য আমরা বিশ্ববিদ্যালয়টিকে নিয়ে গর্ব করি। তবে আমাদের বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থান নিয়ে সন্তুষ্ট থাকলে চলবে না। আমাদেরকে আরো এগিয়ে যেতে হবে।

ভাইস চ্যান্সেলর আরো বলেন, এ বিশ্ববিদ্যালয় কোন কোন বিভাগে সেশনজট রয়েছে। অনেক শিক্ষার্থীর মধ্যে কোর্স ড্রপের প্রবণতা রয়েছে। সেশনজট কমাতে এবং ড্রপের কালচার থেকে শিক্ষার্থীদের ফিরিয়ে আনতে গত এক বছরে বিভিন্ন প্রশাসনিক সিদ্ধান্ত নেয়া হয়েছে। ফলে সেশনজট কিছুটা কমেছে। তবে বিশ্ববিদ্যালয়কে পুরোপুরিভাবে সেশনজটমুক্ত করতে আমাদের শিক্ষকদেরকে আরো আন্তরিক হতে হবে এবং পরিশ্রম করতে হবে।

তিনি বলেন, শিক্ষকদের কোর্সলোড কমাতে ইতোমধ্যে নতুন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে এবং আরো নিয়োগ দেয়া হবে। একইসাথে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন, শিক্ষকদের জন্য এসি বাসক্রয়সহ বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে।

আইপিই বিভাগের প্রধান প্রফেসর ড. মো. আরিফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ভারপ্রাপ্ত ডিন প্রফেসর ড. মুশতাক আহমদ, আইপিই বিভাগের শিক্ষক প্রফেসর মোহসিন আজিজ খান এবং আইপিই এসোসিয়েশনের কোষাধ্যক্ষ সহকারী অধ্যাপক মো. জাহিদ হাসান, সহ-সভাপতি মোস্তাকিনুর রহমান চৌধুরী আকাশ ও সাধারণ সম্পাদক নাস্টম আশরাফ।

অনুষ্ঠানের শুরুতে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের বরণ করে নেন। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার